



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘Ethics after Darwin’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের আওতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের ‘Advance Teaching-Learning in Psychology (ATLP)’ সাব-প্রজেক্টের উদ্যোগে ‘Ethics after Darwin’ শীর্ষক সেমিনার ৪ জানুয়ারি-২০১৮, বৃহস্পতিবার মনোবিজ্ঞান বিভাগের সিগমুন্ড ফ্রয়েড কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা। তনজানিয়ার University of Dar Es Salaam-এর Philosophy and Religious Studies বিভাগের Professor Dr. Rainer Ebert মূল প্রবন্ধ উপস্থাপন করেন। এসময় মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনার শেষে Professor Dr. Rainer Ebert উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, প্রক্টর ও মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. নূর মোহাম্মাদ উপস্থিত ছিলেন।